**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-07-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Economic survey :**

অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ সকাল এগারো টায় লোকসভায় কেন্দ্রীয় বাজেট ২০২৪-২৫ পেশ করবেন । এটি হবে বিজেপি নেতৃত্বাধীন এনডিএ সরকারের তৃতীয় মেয়াদের প্রথম বাজেট।

২০১৯ সালে অর্থমন্ত্রী দায়িত্বভার গ্রহণের পর থেকে এই বাজেট হলো নির্মলা সীতারমনের একটানা পেশ করা সপ্তম বাজেট।

এর আগে গতকাল সংসদের বাজেট অধিবেশনের প্রথম দিনে, লোকসভায় ২০২৩-২৪ -এর অর্থনৈতিক সমীক্ষা পেশ করেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন।

২০২৩-২৪ -এর অর্থনৈতিক সমীক্ষায় মোট আভ্যন্তরীণ উৎপাদন GDP - র প্রকৃত বৃদ্ধির হার চলতি আর্থিক বছরে ৬.৫ শতাংশ থেকে সাত শতাংশ হবে বলে ইঙ্গিত দেওয়া হয়েছে।

এই সমীক্ষায় বলা হয়েছে বিশ্ব অর্থনীতিতে অনিশ্চয়তা সত্ত্বেও ভারতে বৃদ্ধির চালিকাশক্তি শক্তি গুলো ২০২৩-২৪ অর্থবর্ষে অর্থনৈতিক বৃদ্ধির সহায়ক হয়েছে।

২০২৪ অর্থবছরের প্রকৃত GDP ২০২০ এর তুলনায় ২০ শতাংশ বেশি এবং ২০২৪ শে দেশে প্রকৃত GDP বৃদ্ধি র হার ৮.২ শতাংশ হবে বলে সমীক্ষায় উল্লেখ করা হয়েছে। এরফলে পরপর তিন বছর বৃদ্ধির হার হবে ৭ শতাংশের বেশি।

*************************

**PM on upcoming budget :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন এবারের বাজেট অমৃত কালের গুরুত্বপূর্ণ বাজেট হবে। এই বাজেট সরকারের আগামী পাঁচ বছরের কার্যকালের দিশা নির্দেশ করবে এবং ২০৪৭ এর মধ্যে ভারতকে বিকশিত করার অভিযানের ভিত্তি তৈরী করবে।

গতকাল বাজেট অধিবেশনের আগে সংসদের বাইরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় শ্রী মোদী বলেন, সরকার জনগনকে যে গ্যারান্টি দিয়েছে, তা বাস্তবায়নের জন্য কাজ করছে।

************************

**Withdrawl of nomination :**

ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে গতকাল মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিনে পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদের দুই প্রার্থী মনোনয়ন

পত্র প্রত্যাহার করেছেন বলে জানিয়েছেন রিটার্নিং অফিসার ড. বিশাল কুমার। তিনি জানিয়েছেন, সিপিআইএমের দুই মনোনীত প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার করে নিয়েছেন। তারা হলেন ১৪ নম্বর আসনের প্রার্থী পিন্টু দেবনাথ এবং অপরজন ১৬ নম্বর আসনের সিপিআইএম প্রার্থী পায়েল দাস। তারা ব্যক্তিগত কারণ দেখিয়ে মনোনয়নপত্র প্রত্যাহার করে নিয়েছেন।

*********************

**PM Vishwakarma :**

প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্পের অধীনে এখনও পর্যন্ত দু কোটি ২৮ লক্ষেরও বেশি কারিগরের নাম নথিভুক্ত করা হয়েছে। এর মধ্যে পাঁচ লক্ষ ৪২ হাজার ২২২ জন নারীসহ ১৩ লক্ষ ৯৪ হাজারের বেশি সুবিধাভোগী সফলভাবে নিবন্ধিত হয়েছেন। গতকাল লোকসভায় লিখিত উত্তরে, দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী বলেছেন, সারা দেশে মোট পাঁচ লক্ষ তিন হাজার ১৬১ জন প্রার্থীকে প্রাথমিক প্রশিক্ষণ দেওয়া হয়েছে, যার মধ্যে দুই লক্ষ ৭৪ হাজার ৭০৩ জন মহিলা।

***************************

**National Broadcasting Day :**

আজ জাতীয় সম্প্রচার দিবস। ১৯২৭ সালে ভারতে জাতীয় সম্প্রচার দিবসের সূচনা হয়। এইদিনে দেশের সম্প্রচার ক্ষেত্রের

বিবর্তনকে স্মরণ করা হয়। এই দিনটি ভারতের উন্নয়ন, শিক্ষাগত প্রসার এবং সাংস্কৃতিক সংরক্ষণে সম্প্রচারের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরে।

ভারতের সম্প্রচার যাত্রা শুরু হয়েছিল ১৯২৩ সালের জুন মাসে রেডিও ক্লাব অফ বোম্বের প্রথম ট্রান্সমিশনের মাধ্যমে। ইন্ডিয়ান ব্রডকাস্টিং কোম্পানি, IBC ১৯২৭ সালের ২৩শে জুলাই প্রতিষ্ঠিত হয়।

এই দিনটিই এখন জাতীয় সম্প্রচার দিবস হিসেবে পালিত হয়।

১৯৩৬ সালে অল ইন্ডিয়া রেডিও গঠিত হয়। স্বাধীনতা-পরবর্তী সময়ে এই পরিষেবা বিস্তৃত হয় এবং ১৯৫৬ সালে "আকাশবাণী" নামটি গৃহীত হয়।

বর্তমানে আকাশবাণীর ৫৯১টি কেন্দ্র রয়েছে, যা ভারতের জনসংখ্যার ৯৮ শতাংশের কাছে পৌঁছেছে এবং ৩৪টি ভাষা ও ১৪৬টি আঞ্চলিক ভাষায় অনুষ্ঠান সম্প্রচার করা হচ্ছে।

আকাশবাণীর বহিঃ পরিষেবা বিভাগ ১০০টিরও বেশি দেশে সম্প্রচারের মাধ্যমে বিশ্বব্যাপী ভারতের কন্ঠকে তুলে ধরে এবং প্রবাসীদের সঙ্গে সংযোগ স্থাপন করে।

*********************

**Courtesy meet with Governor :**

গতকাল সন্ধ্যায় রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে বাংলাদেশে পাঠরত ভারতের বিভিন্ন রাজ্যের ছাত্রছাত্রীরা সৌজন্য সাক্ষাতে মিলিত হন। তারা সম্প্রতি বাংলাদেশ থেকে রাজ্যে এসেছেন। সাক্ষাতকারের সময় ছাত্রছাত্রীরা রাজ্যপালের কাছে বাংলাদেশে পঠন-পাঠন ও তাদের ফিরে আসার বিষয়ে বিস্তারিতভাবে তুলে ধরেন। রাজ্যপাল তাদের কথা ভারত সরকারের কাছে তুলে ধরবেন বলে আশ্বাস দিয়েছেন।

***********************

**CPIM - PRESS MEET :**

সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী গতকাল এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, সম্প্রতি অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলার জন্য সিপিআইএমের এক প্রতিনিধিদল গতকাল গন্ডাছড়ায় যেতে চেয়েছিল। কিন্তু পুলিশ তাদের সেখানে যেতে অনুমতি দেয়নি বলে শ্রী চৌধুরী অভিযোগ করেন। বিধায়ক সুদীপ রায় বর্মনকেও গন্ডাছড়ায় যাবার পথে পুলিশ বাধা দিয়েছে বলে শ্রী চৌধুরী উল্লেখ করেন। সিপিআইএম পুলিশের এই বাধাদানের ঘটনার সমালোচনা করে নিন্দা জানিয়েছে ।

**********************

**Bru Camp Visit :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর ওএসডি পবন যাদব গতকাল করবুক ব্লকের শিলাছড়া ব্রু শরণার্থী শিবির পরিদর্শন করেন। পরিদর্শনকালে ওএসডি পবন যাদব ব্রু শরণার্থী শিবিরে আবাসিকদের জন্য নবনির্মিত বাসস্থান, পানীয়জলের ব্যবস্থা, রাস্তাঘাট, শৌচালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, হেলথ সাব সেন্টার ও বিদ্যালয় ঘুরে দেখেন।

**********************

**No proposal to constitute 8th central Pay Commission :**

কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের বেতন ও পেনশন সংশোধনের জন্য অষ্টম বেতন কমিশন গঠনের কোনো প্রস্তাব সরকারের বিবেচনায় নেই বলে কেন্দ্র জানিয়েছে।

লোকসভায় এক লিখিত উত্তরে অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী জানিয়েছেন, ২০২৪ শের জুন মাসে অষ্টম কেন্দ্রীয় কমিশন গঠনের জন্য দুটি আবেদন জমা পরেছে। তবে এই সংক্রান্ত কোনো প্রস্তাব সরকারের বিবেচনায় নেই।

এদিকে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের জন্য পুরানো পেনশন ব্যবস্থা আবারও ফিরিয়ে নিয়ে আসার প্রস্তাব এই মুহর্তে বিবেচনাধীন নেই বলে জানিয়েছে সরকার।

**************************

**Weather: :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে  তাপমাত্রা ছিল সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*******************

*********************